গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা

চুক্তিভিত্তিক কর্মচারি (Contractual Staff) নিয়োগ বিজ্ঞপ্তি

নং ৩৩.০২.০০০০.৯২০.১০.০২৭.১৬-৭১ তারিখ: ২৭/১২/২০১৬ খ্রিস্টাব্দ

কৃষি পণ্যের উৎপাদনশীলতা বৃদ্ধি ও বাজার ব্যবস্থায় কৃষকদের প্রবেশাধিকার উন্নয়নের লক্ষ্যে কৃষি প্রযুক্তি ব্যবস্থা শক্তিশালীকরন ও সম্প্রসারণ কর্মকান্ডের মধ্যে যোগসূত্র স্থাপন, ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের Common Interest Group (CIG) গঠন এবং বাজার ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে চাষির আয় বৃদ্ধির জন্য ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) মাঠ পর্যায়ে ব্যাপকভিত্তিক কর্মকান্ড বাস্তবায়ন করবে। তারই অংশ হিসেবে বর্ণিত উদ্দেশ্য সাধনের জন্য প্রকল্পের মৎস্য অধিদপ্তর অংগ (Component-3), প্রকল্প বাস্তবায়ন ইউনিট (PIU), মৎস্য ভবন, ঢাকায় সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত পদসমূহে বর্ণিত সংখ্যক চুক্তিভিত্তিক কর্মচারি (Contractual Staff) নিয়োগ করা হবে।

পদের বিবরণ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	দায়িত্ব ও কর্তব্য
ডাটা এনালিষ্ট পদসংখ্যা: ০১ (এক) বেতন: সর্বসাকুল্যে আয়করসহ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা মেয়াদ: ৬৬ জনমাস অথবা প্রকল্প মেয়াদ যেটি পুর্বে ঘটে।	কম্পিউটার সায়েন্স ও ইন্জিনিয়ারিং/আইসিটি/ পরিসংখ্যান/ সামাজিক বিজ্ঞান/ অর্থনীতি বিষয়ে স্নাতক। সংশ্লিষ্ট ক্ষেত্র যথা প্রোগ্রামার/সিস্টেম এনালিষ্ট /ডাটা এনালিষ্ট হিসেবে সরকারী/ স্বায়িত্বশাসিত/ প্রাইভেট/ আন্তর্জাতিক/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রতিষ্ঠানে কমপক্ষে ০৫ বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে (১৫/০১/২০১৭ তারিখে)। কম্পিউটারে দক্ষতাসহ MS Office, Excel, SPSS, Power Point ইত্যাদিতে দক্ষ হতে হবে।	পরিচালক, পিআইইউ'র নিকট কাজের জন্য দায়বদ্ধ (Responsible) থাকবেন। তথ্য সংগ্রহপূর্বক উপযুক্ত সফটওয়ারের মাধ্যমে তা সংরক্ষণ, ডাটাবেজ তৈরী, নিয়মিতভাবে তথ্যসমূহের পরিমানগত ও গুণগত মান বিশ্লেষণ, তথ্যসমূহের প্রায়োগিক ব্যবহার নিশ্চিতকরণ, ডাটা ব্যাংক তৈরী (সফট্ ও হার্ডকপি), ডাটাসমূহ হালনাগাদকরণ, ওয়েব পেজ তৈরী ও সংরক্ষণ এবং এছাড়াও দাপ্তরিক নির্দেশনা মোতাবেক অন্যান্য অর্পিত দায়িত্ব পালন।
অ্যাকাউন্টেন্ট পদসংখ্যা: ০২ (দুই) বেতন: সর্বসাকুল্যে আয়করসহ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার)টাকা মেয়াদ: ৬৬ জনমাস অথবা প্রকল্প মেয়াদ যেটি পুর্বে ঘটে।	কমপক্ষে ২য় শ্রেণিসহ কমার্স বিষয়ে স্নাতক ডিগ্রী। কমপক্ষে ০৫ বছরের হিসাব সংরক্ষণ, ক্যাশ ব্যবস্থাপনা কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে (১৫/০১/২০১৭ তারিখে)। উন্নয়ন প্রকল্পের হিসাব রক্ষণ কাজের অভিজ্ঞতা অগ্রগণ্য। কম্পিউটার কাজে দক্ষতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।	পরিচালক, পিআইইউ এবং ফাইনান্সিয়াল ম্যানেজারকে হিসাব সংক্রান্ত সকল বিষয়ে সহযোগিতা প্রদান। হিসাব বিষয়ক সকল প্রাসংগিক ফাইল ও ডকুমেন্ট সংরক্ষণ, প্রয়োজনীয় বিল পরিশোধের নিমিত্ত বিল-ভাউচার তৈরী, হিসাব সংক্রান্ত সকল বহি সংরক্ষণ, প্রকল্পের জিওবি অংশের ব্যয়ের ক্ষেত্রে হিসাব রক্ষণ অফিসের সহিত যোগাযোগ রক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, Statement of Enpenditure (SOEs) তৈরীপূর্বক পিএমইউতে প্রেরণ এবং এছাড়াও দাপ্তরিক নির্দেশনা মোতাবেক অন্যান্য অর্পিত দায়িত্ব পালন।
পিএ টু ডাইরেক্টর পদসংখ্যা: ০১ (এক) বেতন: সর্বসাকুল্যে আয়করসহ ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা মেয়াদ: ৬৬ জনমাস অথবা প্রকল্প মেয়াদ যেটি পুর্বে ঘটে।	২য় শ্রেণিসহ যেকোন বিষয়ে স্নাতক ডিগ্রী। পিএ/ কম্পিউটার অপারেটর/সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৫ বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে (১৫/০১/২০১৭ তারিখে)। বাংলা ও ইংরেজী টাইপে পারদর্শি হতে হবে। MS Office-সহ কম্পিউটারে দক্ষতা অত্যাবশ্যক।	পরিচালক, পিআইইউ'র নিকট কাজের জন্য দায়বদ্ধ (Responsible) থাকবেন। দৈনন্দিন কম্পিউটার টাইপিং ও অন্যান্য সাচিবিক দায়িত্ব পালন, কার্যসূচী মোতাবেক বিভিন্ন মিটিং ও কর্মসূচী প্রতিপালনে সহযোগিতা করা, পরিচালক, পিআইইউ'র দৈনন্দিন সকল কর্মপরিকল্পনা তৈরি, পরিচালক, পিআইইউ'র জন্য বিভিন্ন প্রকার পাওয়ার পয়েন্টে উপস্থাপন, গোপনীয় ফাইলসমূহ সংরক্ষণ, পরিচালক, পিআইইউ'র দাপ্তরিক পত্র/নথি/রেজিষ্টার/ ডকুমেন্ট/অন্যান্য দলিলাদিসমূহের প্রাপ্তি ও প্রেরণ রেজিষ্টারে লিপিবদ্ধকরণ, দাপ্তরিক কর্মকান্ডে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, আগত ও প্রেরিত টেলিফোন /ফ্যাক্সসমূহ পরিচালনা, অতিথি ব্যবস্থাপনা এবং এছাড়াও দাপ্তরিক নির্দেশনা মোতাবেক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।
অফিস এসিস্টেন্ট কাম কম্পিউটার অপারেটর পদসংখ্যা: ০৩ (তিন) বেতন: সর্বসাকুল্যে আয়করসহ ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা মেয়াদ: ৬৬ জনমাস অথবা প্রকল্প মেয়াদ যেটি পুর্বে ঘটে।	কমপক্ষে ২য় শ্রেণিসহ যেকোন বিষয়ে স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে সরকারী/স্বায়ত্বশাসিত/প্রাইভেট/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রতিষ্ঠানে কমপক্ষে ০৫ বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে (১৫/০১/২০১৭ তারিখে)। MS Word, Excel, Power Point ইত্যাদিতে দক্ষতা অত্যাবশ্যক। বাংলা ও ইংরেজী টাইপে দক্ষতা অত্যাবশ্যক।	সকল ধরণের দাপ্তরিক পত্র, রিপোর্টিং, ডকুমেন্ট টাইপ করা ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন তৈরি, ডাটা এন্ট্রি অপারেটর হিসেবে দায়িত্ব পালন, প্রকল্পের নথিসমূহ সংরক্ষণ, দাপ্তরিক কর্মকান্ড যেমন: নোট দেওয়া, ফাইলিং, ডেসপাচ ও অন্যান্য সাধারণ ব্যবস্থাপনা গ্রহণ ইত্যাদি, গুরুত্বপূর্ণ ঠিকানা, টেলিফোন, ই-মেইল ও ওয়েব পেইজ সমূহের তথ্যাদি হালনাগাদ রাখা, সাচিবিক দায়িত্ব পালন এবং এছাড়াও দাপ্তরিক নির্দেশনা মোতাবেক অন্যান্য অর্পিত দায়িত্ব পালন।
ড্রাইভার পদসংখ্যা: ০৪ (চার) বেতন- সর্বসাকুল্যে আয়করসহ ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা মেয়াদ: ৬০ জনমাস অথবা প্রকল্প মেয়াদ যেটি পুর্বে ঘটে (গাড়ি প্রাপ্তি সাপেক্ষে)।	বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ কমপক্ষে এস.এস.সি পাস। সরকারী/ প্রাইভেট/ বহুজাতিক/ আন্তর্জাতিক প্রতিষ্ঠানে অথবা ব্যক্তিগত গাড়ি চালক হিসেবে কমপক্ষে ০৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে (১৫/০১/২০১৭ তারিখে)।	নির্ধারিত গাড়ী পরিচালনা করা, নির্দিষ্টকৃত গাড়ী পরিস্কার-পরিচ্ছন্নকরণ, লগ বই সংরক্ষণ, রুটিন সার্ভিসিংয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, সময়মত কর, গাড়ির ফিটনেস ও ইন্স্যুরেন্স বিষয়ে তথ্য দেওয়া ও নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, সময়মত গাড়ীর সমস্যাসমূহ কর্তৃপক্ষের কিংবা নিকটতস্থ পুলিশ ষ্টেশনে নিকট গোচরীভূতকরণ, গাড়ী চালানোর সময় যানবাহনের জন্য প্রয়োজনীয় বৈধ ডকুমেন্টসমূহ নিজ দায়িত্বে সংরক্ষণ, দায়িত্ব পালনে সময়মতো কর্তৃপক্ষের নিকট রিপোর্টিং এবং এছাড়াও দাপ্তরিক নির্দেশনা মোতাবেক অন্যান্য অর্পিত দায়িত্ব পালন।
অফিস সহায়ক পদসংখ্যা: ০৪ (চার) বেতন: সর্বসাকুল্যে আয়করসহ ২০০০০/-(বিশ হাজার) টাকা মেয়াদ: ৬৬ জনমাস অথবা প্রকল্প মেয়াদ যেটি পুর্বে ঘটে।	কমপক্ষে এস.এস.সি পাস। এম.এল.এস.এস (অফিস সহায়ক) হিসাবে কমপক্ষে ০৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে (১৫/০১/২০১৭ তারিখে)।	অফিস, যন্ত্রপাতি ও আসবাবপত্রসমূহ পরিস্কারকরন, অফিস খোলা ও বন্ধ করণ, তাকে কিংবা কেবিনেটে ফাইলসমূহ গুছিয়ে রাখা, সভায় অ্যাটেন্ডেন্ট হিসাবে দায়িত্ব পালন করা, প্রয়োজন কিংবা নির্দেশনামতো ফাইলসমূহ আনা-নেওয়া করা, এছাড়াও দাপ্তরিক নির্দেশনা মোতাবেক অন্যান্য অর্পিত দায়িত্ব পালন।

Contractual Staff- গণ অনুমোদিত প্রকল্প দলিল (DPP) অনুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

১. আবেদনকারীকে পদের নাম, নিজের নাম (বাংলা ও ইংরেজিতে), পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা, বর্তমান ও পত্র যোগাযোগের ঠিকানা (মোবাইল/টেলিফোন নম্বরসহ), জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতা (যদি থাকে), অভিজ্ঞতার বিবরণ, দুইজন বিশিষ্ট ব্যক্তির রেফারেন্স (টেলিফোন অথবা মোবাইল নম্বরসহ) উল্লেখপূর্বক সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবিসহ আবেদন করতে হবে। আবেদনের নমুনা ছক মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইট (www.fisheries.gov.bd)- এর Home Page- এ এনএটিপি-২ অংশে পাওয়া যাবে।

২. প্রার্থীকে আবেদনের সাথে জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ, ড্রাইভার পদে আবেদনের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স ও অন্যান্য যোগ্যতার সনদের অনুলিপি যুক্ত করতে হবে। পদের সাথে সংশ্লিষ্ট আবশ্যকীয় অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।

৩. প্রার্থীর বয়স ১৫ জানুয়ারি ২০১৭ তারিখে নূন্যতম ১৮ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনরূপ এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ।

৪. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫. নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬. আবেদনকারীকে পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর অংশ, মৎস্য অধিদপ্তর, কক্ষ নং- ৪১৩, মৎস্য ভবন, ১৩ শহীদ ক্যাপটেন মনসুর আলী সরণি, রমনা, ঢাকা-১০০০ বরাবর আবেদন করতে হবে এবং বন্ধ খামের উপরে পদের নাম উল্লেখপূর্বক আবেদনপত্র সরাসরি বা ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আগামী ১৫ জানুয়ারি ২০১৭ অফিস চলাকালীন (বিকাল ৫:০০ টা) সময়ের মধ্যে আবশ্যিকভাবে পৌঁছাতে হবে।

৮. কর্তৃপক্ষ যে কোনো অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২৭/১২/২০১৬

(খঃ মাহ্বুবুল হক)
পরিচালক
প্রকল্প বাস্তবায়ন ইউনিট